

বাংলাদেশ-পাকিস্তান রুটে এয়ার অ্যারাবিয়ার টিকিট বিক্রি বন্ধ

- A Monitor Desk Report

Date: 08 May, 2025



ঢাকাঃ ভারত-পাকিস্তান চলমান সংঘাতের মধ্যে বাংলাদেশ থেকে পাকিস্তান রুটের ফ্লাইটের টিকিট বিক্রি স্থগিত করেছে মধ্যপ্রাচ্যভিত্তিক এয়ারলাইন্স প্রতিষ্ঠান এয়ার অ্যারাবিয়া।

বুধবার (৭ মে) সকালে বাংলাদেশের সব ট্রাভেল এজেন্সিকে এক বার্তার মাধ্যমে টিকিট বিক্রি না করার নির্দেশনা দিয়েছে তারা।

এয়ার অ্যারাবিয়া শারজাহ থেকে পাকিস্তানের করাচি, ইসলামাবাদ, লাহোর, মুলতান, ফায়সালাবাদ, পেশাওয়ার, কোয়েটা এবং শিয়ালকোটের ফ্লাইট পরিচালনা করতো। বাংলাদেশ থেকে পাকিস্তানের কোনো শহরে সরাসরি ফ্লাইট না থাকায় অনেক বাংলাদেশি ঢাকা থেকে শারজাহ ট্রানজিট নিয়ে পাকিস্তানের বিভিন্ন শহরে যেতো।

ট্রাভেল এজেন্সিগুলোকে দেওয়া এক বার্তায় এয়ার অ্যারাবিয়া কর্তৃপক্ষ জানায়, পাকিস্তানে সম্প্রতি ঘটে যাওয়া একটি দুর্ঘটনার পরিপ্রেক্ষিতে আজ থেকে পাকিস্তানে যাতায়াতকারী যাত্রীদের জন্য টিকিট ইস্যু করা না করার নির্দেশনা দেওয়া হচ্ছে। যাত্রীদের নিরাপত্তা এবং এয়ারলাইন্সের অভ্যন্তরীণ প্রটোকলের সঙ্গে সমন্বয় নিশ্চিত করতেই এমন সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

তারা জানায়, এয়ারলাইন্স কর্তৃপক্ষ পরিস্থিতি পর্যবেক্ষণ করছে, টিকিট বিক্রি সংক্রান্ত কোনো আপডেট থাকলে তা পরে জানানো হবে।

উল্লেখ্য, গত ২২ এপ্রিল ভারত নিয়ন্ত্রিত জম্মু-কাশ্মিরের পেহেলগামে বন্দুকধারীরা হামলা চালিয়ে ২৬ জনকে হত্যা করে। এ ঘটনায় ভারত পাকিস্তানকে দোষারোপ করার পর দুই দেশের মধ্যে উত্তেজনা তৈরি হয়। যা মঙ্গলবার রাতে চূড়ান্তরূপ ধারণ করে।

এদিন মধ্যরাতে হঠাৎ পাকিস্তানে ক্ষেপণাস্ত্র হামলা চালায় ভারত। মুহূর্তেই নিজেদের আকাশপথ বন্ধ ঘোষণা করে পাকিস্তান। তবে বুধবার সকাল থেকে ফ্লাইট চলাচল আবার শুরু হয়। আর এর মধ্যেই টিকিট বিক্রি বন্ধের ঘোষণা দিল এয়ার অ্যারাবিয়া।

